# নেত্রকোণা পল্লী বিদ্যুৎ সমিতি

রাজেন্দ্রপুর, চল্লিশা, নেত্রকোণা

টেলিফোনঃ ০৯৫১-৬১৩৫৩, ০৯৫১-৬১৮৯৯, ই-মেইলঃ netrokonapbs@gmail.com

স্মারক নং-২৭.১২.৭২০০.৫৪৫.০২.০০৮.২৫.৪৯৪৯ তারিখঃ ২২ শ্রাবণ, ১৪৩২ বঙ্গাব্দ
০৬/০৮/২০২৫খ্রিস্টাব্দ

## "আন্তঃপবিস নিয়োগ বিজ্ঞপ্তি"

নেত্রকোণা পল্লী বিদ্যুৎ সমিতি এ নিম্নবর্ণিত শূন্য পদ পূরণের লক্ষ্যে বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত কম্পিউটার অপারেটর পদে যারা পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ অনুযায়ী পদোন্নতির সকল যোগ্যতা অর্জন করেছেন তাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে (A-4 সাইজের কাগজে) স্ব-হস্তে লিখিত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রঃনং | পদের নাম | প্রার্থীর যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| ০১ | অফিস সেক্রেটারি | (ক) কম্পিউটার অপারেটর পদে ন্যূনতম ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>(খ) প্রতি মিনিটে ইংরেজি ৬০ ও বাংলায় ৪০ শব্দ নির্দেশ (ডিক্টেশন) গ্রহণে দক্ষতা থাকতে হবে।<br>(গ) কম্পিউটারে প্রতি মিনিটে ইংরেজি ৩৫ ও বাংলায় ৩০ শব্দ টাইপ করতে সক্ষম হতে হবে।<br>(ঘ) বাংলা ও ইংরেজি ব্যাকরণসহ বানান, বিরাম চিহ্ন ব্যবহার ও বাক্য গঠনে পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে।<br>(ঙ) দাপ্তরিক চিঠিপত্র, প্রতিবেদন ইত্যাদি নথিভুক্ত করণে পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে।<br>(চ) দর্শনার্থীদের সাথে সৌজন্যমূলক ও মাধুর্যপূর্ণ আচরন করার মানসিকতা থাকতে হবে।<br>(ছ) পবিস কর্মচারী চাকুরী বিধি অনুযায়ী চাকুরীকাল পরিচ্ছন্ন ও সুনামের সাথে অতিবাহিত হতে হবে।<br>(জ) নেত্রকোণা পবিস এর কর্মচারী চাকুরীবিধি-১৯৯২ (সংশোধিত, ২০১২) এবং পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ অনুযায়ী সকল শর্তসমূহ পূরন হতে হবে। |

**শর্তাবলিঃ-**

০১। আবেদনকারীকে খামের উপরে পদের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। এছাড়াও স্ব-হস্তে লিখিত আবেদনপত্রে (ক) নিজের নাম (খ) পিতার নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) ধর্ম (জ) জাতিয়তা (ঞ) শিক্ষাগত যোগ্যতা (ট) চাকুরীতে প্রথম যোগদানের তারিখ (ঠ) কম্পিউটার অপারেটর পদে যোগদান এবং নিয়মিতকরণের তারিখ উল্লেখ পূর্বক সংশ্লিষ্ট সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার এর সুপারিশ সম্বলিত আবেদন পত্রসহ **আগামী ২০/০৮/২০২৫খ্রিঃ তারিখ রোজ বুধবার সকাল ১০:০০ ঘটিকার** সময় প্রার্থীগণকে স্ব-শরীরে নেত্রকোণা পল্লী বিদ্যুৎ সমিতি-এর সদর দপ্তর, রাজেন্দ্রপুর, চল্লিশা, নেত্রকোণায় উপস্থিত হয়ে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০২। **আবেদন পত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র এজিএম (প্রশাসন/এইচ.আর) কর্তৃক সত্যায়িতপূর্বক সংযুক্ত করতে হবেঃ**

(ক) বর্তমান পদে যোগদান ও নিয়মিতকরন পত্রের ফটোকপি।
(খ) পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী নির্ধারিত প্রশিক্ষণে উত্তীর্ণের ফটোকপি।
(গ) বিগত ০৪ (চার) বৎসরের বার্ষিক কর্মমূল্যায়নের ফটোকপি।
(ঘ) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রের ফটোকপি।
(ঙ) জাতীয় পরিচয় পত্র ও হালনাগাদ নাগরিকত্ব সনদের ফটোকপি।
(চ) সম্প্রতি তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি।
(ছ) বাপবিবোর্ডের সর্বশেষ সার্কুলার স্মারক নং- ২৭.১২.০০০০.০৩০.৩১.৭০৮.২৫.২৪৬, তারিখঃ ০২/০১/২০২৫খ্রিঃ মোতাবেক শাস্তি প্রাপ্ত হন নাই ও বর্তমানে বিভাগীয় তদন্ত বা ফৌজদারী মামলা চলমান নাই অথবা চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন নাই মর্মে সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার এর সুপারিশসহ প্রত্যয়নপত্র এবং অনাপত্তির সনদপত্র আবেদনপত্রের সহিত দাখিল করতে হবে।

০৩। **পদোন্নতির জন্য সাক্ষাৎকার গ্রহনের ক্ষেত্রে নিম্নবর্ণিত প্রার্থীকে বিবেচনা করা হবে নাঃ**

(ক) কোনা কর্মচারীর উপর কোন দন্ড আরোপ করা হলে তিনি তার দন্ড ভোগের মেয়াদ শেষে লঘু দন্ডের ক্ষেত্রে পরবর্তী ০১ (এক) বৎসর গুরুদন্ডের ক্ষেত্রে পরবর্তী ০২ (দুই) বৎসরের মধ্যে পদোন্নতির জন্য যোগ্য বিবেচিত হবেন না;
(খ) পদোন্নতির জন্য ০৩ (তিন) বার মৌখিক নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী অযোগ্য বিবেচিত/ঘোষিত হয়েছেন;
(গ) সার্ভিস রেকর্ড সন্তোষজনক বিবেচিত না হলে।
(ঘ) ইতঃপূর্বে কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/বরখাস্ত/স্বেচ্ছায় চাকুরি হতে অব্যাহতি গ্রহণকারী প্রার্থীদের উক্ত পদে আবেদন করার প্রয়োজন নাই।

০৪। **বিগত ০৫ (পাঁচ) বছরের মধ্যে শাস্তির বিবরণ এবং শাস্তি কার্যকর করার তারিখ নিম্নোক্ত ছকে (যদি থাকে) অবশ্যই প্রত্যয়নপত্রে উল্লেখ করতে হবে।**

| ক্রমিক নং | দন্ডের বিবরণ | স্মারক নং ও তারিখ | দন্ড ভোগের মেয়াদ শেষের তারিখ |
|---|---|---|---|
| | | | |

০৫। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১(এক) বৎসরের জন্য "চলতি দায়িত্ব" নিয়োগ দেয়া হবে। "চলতি দায়িত্বে" থাকাকালীন কর্মমূল্যায়ন সন্তোষজনক ও অন্যান্য প্রয়োজনীয় শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে চাকুরী নিয়মিত করা যেতে পারে। অন্যথায় চলতি দায়িত্বের মেয়াদ বৃদ্ধি/পূর্ববর্তী পদে ফেরত প্রদান করা হবে।

০৬। সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৩ ও ৩০০-১৭ অনুযায়ী মূল বেতন ভাতাদি প্রাপ্য হবেন।

০৭। পদোন্নতির জন্য জেলা কোটা প্রযোজ্য নহে, তবে অত্র সমিতির ভৌগোলিক এলাকা তথা নেত্রকোণা জেলার স্থায়ী বাসিন্দা/নাগরিকগণ ও সুনামগঞ্জ জেলার মধ্যনগর ও ধর্মপাশা উপজেলার স্থায়ী বাসিন্দা/নাগরিকগণ আবেদন করার প্রয়োজন নাই।

০৮। অত্র পবিসের কোন কর্মকর্তা/কর্মচারী বা সমিতি বোর্ড পরিচালক/মহিলা পরিচালকদের স্বামী/স্ত্রী অথবা রক্ত সম্পর্কীয় কারো আবেদন করার প্রয়োজন নাই।

০৯। কোন প্রার্থী তথ্য গোপন করে বর্ণিত পদে পদোন্নতি প্রাপ্ত হলে এবং তদন্তপূর্বক তা প্রমানিত হলে তার বিরুদ্ধে নেত্রকোণা পবিস কর্মচারী চাকুরী বিধি, ১৯৯২ (সংশোধিত-২০১২) এর আলোকে যথাযথ প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০। প্রার্থীগণকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১১। যে কোন আবেদন পত্র এবং নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সমিতি কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

১২। শর্তাবলিতে উল্লেখ নেই এমন যে কোন বিষয়ে জটিলতার সৃষ্টি হলে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৩। পবিস নির্দেশিকা ও সর্বশেষ সার্কুলার অনুযায়ী মূল বেতন সংরক্ষণ করা হবে।

০৬.০৮.২৫

(মোঃ আকরাম হোসেন)
জেনারেল ম্যানেজার (অঃদাঃ)
মোবাইল নং- ০১৭৬৯৪০০০৬০

**অনুলিপিঃ (বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)।**

০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পূঃঅঃ)/পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা
০৩। পরিচালক, আইসিটি পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা (**বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ**)।
} সদয় অবগতির জন্য
০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার---------------------------------------পবিস-১/২/৩/৪।
০৫। ডিজিএম,(কারিগরী-সদর)/মদন/মোহনগঞ্জ/দূর্গাপুর/কেন্দুয়া/পূর্বধলা/কলমাকান্দা/বারহাট্টা জোনাল অফিস, নেত্রকোণা পবিস
০৬। এজিএম (ওএন্ডএম), আটপাড়া/ধর্মপাশা/শ্যামগঞ্জ/খালিয়াজুরী সাব জোনাল অফিস, নেত্রকোণা পবিস
০৭। এজিএম (প্রশাসন/এইচআর/ওএন্ডএম/এম,এস/ অর্থ-হিসাব/ইএন্ডসি/আইটি), নেত্রকোণা পবিস ।
০৮। এজিএম (আইটি), নেত্রকোণা পবিস **(অত্র পবিস এর ওয়েব সাইটে প্রকাশের জন্য নির্দেশনা প্রদান করা হলো)।**
০৯। নোটিশ বোর্ড, নেত্রকোণা পবিস।
১০। অফিস/মাস্টার কপি।

০৬.০৮.২৫

(মোঃ আকরাম হোসেন)
জেনারেল ম্যানেজার (অঃদাঃ)

E:\এইচ আর বিভাগ\02-008 (নিয়োগ-পদোন্নতি-যোগদান).docx